ক্রোড়পত্র ক
সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর
পত্র নং-২৩.০১.৯০১.৮২১.০২.০৯৯.৬১.০৬.০৯.২১
তারিখঃ ০৬ সেপ্টেম্বর ২০২১

# ২০০৯-২০২০ সাল পর্যন্ত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সাফল্য ও অগ্রগতির তথ্য প্রেরণ

## সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর
## প্রতিরক্ষা মন্ত্রণালয়
## ঢাকা সেনানিবাস

১। **ভূমিকা।** সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর সশস্ত্র বাহিনীর জন্য সার্বিক স্বাস্থ্য ও চিকিৎসা বিষয়ে পরিকল্পনা ও নীতিমালা প্রণয়ন, মেডিক্যাল স্টোরস এবং সরঞ্জামাদির বাৎসরিক পরিকল্পনা, ক্রয় ও নিয়ন্ত্রণ, এএমসি,এডিসি ও এএফএনএস অফিসারদের দেশে/বিদেশে উচ্চতর প্রশিক্ষণ এবং বিশেষজ্ঞ পুল নিয়ন্ত্রণসহ গ্রেডিং ও ক্লাসিফিকেশন প্রদান করে থাকে। এছাড়াও অত্র মহাপরিদপ্তর চিকিৎসা বিষয়ক গবেষণা কাজকে উৎসাহিত এবং জাতীয় ও আন্তর্জাতিক হালনাগাদ কারিগরী উন্নয়ন সম্পর্কে ওয়াকিবহাল থাকাসহ সার্বিক জাতীয় স্বাস্থ্য ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার সাথে সমন্বয়ের মাধ্যমে যথাযথ নীতি প্রণয়নে অবদান রাখে । আন্তঃবাহিনী মেডিক্যাল ইউনিট সমূহ যেমন, আর্মড ফোর্সেস মেডিক্যাল ইনষ্টিটিউট (এএফএমআই), আর্মড ফোর্সেস ইনষ্টিটিউট অব প্যাথলজি (এএফআইপি), আর্মড ফোর্সেস মেডিক্যাল স্টোরস ডিপো (এএফএমএসডি) এবং আর্মড ফোর্সেস ফুড এন্ড ড্রাগস ল্যাবরেটরী (এএফএফএন্ডডি ল্যাবঃ) এর উপর কারিগরী আদেশ ও নিয়ন্ত্রণ অত্র মহাপরিদপ্তরের উপর ন্যস্ত রয়েছে। বর্তমান সরকারের আমলে ২০০৯-২০২০ সাল পর্যন্ত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সাফল্য ও অগ্রগতির তথ্য নিম্নরুপে প্রেরণ করা হলো ঃ


### নিয়োগ সংক্রান্ত বিষয়াদি

২। **শূন্যপদ পূরণঃ** ২০০৯-২০২০ সাল পর্যন্ত সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর এবং এর আওতাধীন আন্তঃ বাহিনী মেডিক্যাল ইউনিট সমূহের শূন্য পদের বিপরীতে সাংগঠনিক কাঠামো ও বিদ্যমান নিয়োগবিধি অনুসরণ পূর্বক ১ম শ্রেণীর ১০ জন এবং ৩য় ও ৪র্থ শ্রেণীর ১৭৪ জনসহ মোট ১৮৪ জন লোক নিয়োগ করা হয়েছে । শূন্য পদের বিপরীতে লোক নিয়োগের ফলে উল্লেখিত ইউনিট সমূহের দৈনন্দিন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে এবং প্রশাসনিক কাজে গতিশীলতা বৃদ্ধি পেয়েছে ।

## ভৌত ও অবকাঠামোগত আধুনিকায়ন


৩। **ঢাকা সম্মিলিত সামরিক হাসপাতাল (সিএমএইচ ঢাকা) আধুনিকায়ন ও সম্প্রসারণ প্রকল্প (১ম পর্যায়) ঃ** দ্রুত অগ্রসরমান চিকিৎসা বিজ্ঞানের শাখা-প্রশাখা বিস্তৃতির পরিপ্রেক্ষিতে চিকিৎসা সেবা প্রদানের আন্তর্জাতিক মান অর্জনের লক্ষ্যে ২০০৬/২০০৭ অর্থ বছর থেকে ৭৮ কোটি টাকা ব্যয়ে সিএমএইচ ঢাকার সম্প্রসারণ ও আধুনিকায়ন প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু হয় । গত ১৫ ডিসেম্বর ২০১০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ প্রকল্পের ১ম ধাপের শুভ উদ্বোধন করেন । এর ফলে চিকিৎসা সেবায় গুনগত মান বৃদ্ধির মাধ্যমে চিকিৎসা গ্রহণকারীদের উন্নততর চিকিৎসা সেবা প্রদান সম্ভব হচ্ছে ।

৪। **ঢাকা সম্মিলিত সামরিক হাসপাতাল (সিএমএইচ ঢাকা) আধুনিকায়ন ও সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) ঃ** দ্রুত অগ্রসরমান চিকিৎসা বিজ্ঞানের শাখা-প্রশাখা বিস্তৃতির পরিপ্রেক্ষিতে চিকিৎসা সেবা প্রদানের আন্তর্জাতিক মান অর্জনের সিএমএইচ ঢাকার সম্প্রসারণ ও আধুনিকায়ন প্রকল্পের ২য় পর্যায়ের বাস্তবায়ন কাজ শুরু হয়। উক্ত প্রকল্প সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ার ফলে চিকিৎসা সেবার গুনগত মান বৃদ্ধির মাধ্যমে চিকিৎসা গ্রহণকারীদের উন্নততর চিকিৎসা সেবা প্রদান সম্ভব হবে। বর্তমানে ২য় পর্যায়ের কাজ চলমান আছে এবং প্রকল্পের বাস্তবায়নের মাধ্যমে সশস্ত্র বাহিনীর সর্বস্তরের সদস্যগণ আরও অনুপ্রানিত ও উজ্জীবিত হবে ।




সিএমএইচ ঢাকার আধুনিক ও সম্প্রসারিত ভবন

৫। **৫০০ শয্যা বিশিষ্ট কুর্মিটোলা জেনারেল হাসপাতালঃ** ঢাকা উত্তরের বেসামরিক জনগোষ্ঠীকে আধুনিক চিকিৎসা সুবিধা প্রদানের লক্ষ্যে এবং এএফএমসি'র ছাত্র/ছাত্রীদের ব্যবহারিক জ্ঞান আহরনের জন্য একটি অধিভূক্ত হাসপাতাল স্থাপনের প্রয়োজনীয়তা তীব্রভাবে অনুভূত হয় । এর প্রেক্ষিতে ২২৬,৬১,০০,০০০.০০ (দুইশত ছাব্বিশ কোটি একষট্টি লক্ষ) টাকা ব্যয়ে বর্তমান এএফএমসি'র সন্নিকটে একটি ৫০০ শয্যার আধুনিক হাসপাতাল নির্মান করা হয় । গত ১৩ মে ২০১২ তারিখে হাসপাতালটি মাননীয় প্রধানমন্ত্রী উদ্বোধন করেন । এই হাসপাতাল নির্মানের ফলে এএফএমসি'র ছাত্র/ছাত্রী এবং ইন্টার্নী চিকিৎসকগণ ব্যবহারিক জ্ঞান আহরণের পাশাপাশি বেসামরিক জনগোষ্ঠীর উন্নত চিকিৎসা সেবা নিশ্চিত করা সম্ভব হচ্ছে ।



৫০০ শয্যা বিশিষ্ট কুর্মিটোলা জেনারেল হাসপাতাল

৬। **এ টাইপ বাসস্থান নির্মান ঃ** সেনাবাহিনীর তত্ত্বাবধানে ঢাকা সেনানিবাসে ১০ তলা বিশিষ্ট একটি এ টাইপ বাসভবন নির্মান কাজ সম্পূর্ন হয়েছে । সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তরের তিন জন মেজর জেনারেল পদবীর অফিসারের জন্য উক্ত ভবনে ৩য়, ৪র্থ ও ৫ম তলা বরাদ্দ রয়েছে । উক্ত বাসস্থান নির্মানের জন্য ২০০৮-২০০৯ অর্থ বছরে ৪২,০০,০০০.০০ (বিয়াল্লিশ লক্ষ), ২০১০-২০১১ অর্থ বছরে ১,৪৩,০০,০০০.০০ (এক কোটি তেতাল্লিশ লক্ষ) এবং ২০১১-২০১২ অর্থ বছরে ১,৩৫,০০,০০০.০০ (এক কোটি পঁয়ত্রিশ লক্ষ) সর্বমোট ৩,২০,০০০০০.০০ (তিন কোট বিশ লক্ষ) টাকা বরাদ্দ দেয়া হয় । উক্ত বাসস্থান নির্মিত হওয়ায় উর্দ্ধতন অফিসারদের আবাসন সমস্যা সমাধান সম্ভব হয়েছে ।

৭। **অফিস বিল্ডিং নির্মাণ ঃ** ৪৪ লক্ষ টাকা ব্যয়ে সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তরের ০২ জন মেজর জেনারেল পদবীর অফিসারের জন্য অফিস বিল্ডিং নির্মাণ কাজ গত ডিসেম্বর ২০১০-এ সমাপ্ত হয়েছে । অফিস বিল্ডিং নির্মানের ফলে সুষ্ঠু ও সুন্দর পরিবেশে দাপ্তরিক কাজ সম্পন্ন করা সম্ভব হচ্ছে ।




০২ জন মেজর জেনারেল পদবির অফিসারের জন্য নির্মিত নতুন অফিস বিল্ডিং

৮। **বিএসসি নার্সিং ছাত্রীদের জন্য হোস্টেল নির্মানঃ** অত্র মহাপরিদপ্তরের আওতাধীন আর্মড ফোর্সেস মেডিক্যাল ইনষ্টিটিউট (এএফএমআই) কর্তৃক বিএসসি নার্সিং কোর্স পরিচালিত হচ্ছে । অধ্যয়নরত বেসামরিক ছাত্রীদের জন্য ০৫ তলা বিশিষ্ট নতুন ছাত্রী মেস নির্মান করা হয়েছে । উক্ত মেসের জন্য ২০১০-২০১১ অর্থ বছরে ২,০০,০০,০০০.০০ (দুই কোটি) টাকা, ২০১১-২০১২ অর্থ বছরে ৬৫,০০,০০০.০০ (পয়ষট্রি লক্ষ) টাকা এবং ২০১২-২০১৩ অর্থ বছরে ৫৬,০৯,০০০.০০ (ছাপান্ন লক্ষ নয় হাজার) টাকা সর্বমোট ৩,২১,০৯,০০০.০০ (তিন কোটি একুশ লক্ষ নয় হাজার) টাকা বরাদ্দ দেয়া হয় । ছাত্রী মেস নির্মানের ফলে বিএসসি নার্সিং কোর্সের ছাত্রীদের আবাসন সমস্যা অনেকাংশে দূর হয়েছে ।


৯। **চিকিৎসা সেবায় অবকাঠামোগত উন্নয়ন**। আধুনিক ও যুগোপযোগী চিকিৎসাসেবা নিশ্চিতকরণে সিএমএইচ ঢাকায় মর্ডান স্পেশালাইজড ট্রিটমেন্ট সেন্টার, ক্রিটিক্যাল কেয়ার সেন্টার, কার্ডিও-ভাসকুলার এন্ড থোরাসিক সেন্টার, ক্যান্সার সেন্টার, নেফ্রোলজি এন্ড ইউরোলজি সেন্টার, নিউরোলজি এন্ড নিউরো সার্জারী সেন্টার, কিডনি ট্রান্সপ্ল্যান্ট সেন্টার, বোন ম্যারো ট্রান্সপ্ল্যান্ট সেন্টার, কর্ণিয়া ট্রান্সপ্ল্যান্ট সেন্টার, কক্লিয়ার ইমপ্ল্যান্ট সেন্টার, ফার্টিলিটি সেন্টার, বার্ণ, প্লাস্টিক এন্ড রিকনস্ট্রাক্টিভ সার্জারী সেন্টার, ট্রমা সেন্টার স্থাপন এবং নিউরো ও চক্ষু অপারেশন থিয়েটার 'মডিউলার ওটি' তে রূপান্তরকরণসহ এএফআইপি এর কার্যক্রমকে আরোও গতিশীল ও যুগোপযোগীকরণের লক্ষ্যে একটি আধুনিক মাল্টিপারপাস ভবনের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও সশস্ত্র বাহিনীর চিকিৎসা ব্যবস্থাকে আরোও আধুনিক ও যুগোপযোগী নিশ্চিত করতে যথাপযুক্ত পরিকল্পনা প্রনয়ন ও তদানুযায়ী বাস্তবায়নের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

১০। সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর (ডিজিএমএস) এর ২০১৫-২০১৬ সালের অর্থ বছরে অত্র মহাপরিদপ্তরে বাগানে সৌর বিদ্যুৎ স্থাপন করা হয়েছে। সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর (ডিজিএমএস) এর আওতাধীন প্রতিষ্ঠান এএফএমআই অডিটোরিয়াম আধুনিকায়ন এবং (মেজর জেনারেল এম শামসুল হক অডিটোরিয়াম) গত ৩০ অক্টোবর ২০১৬ তারিখে নতুন নামকরণ করা হয়েছে।




সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর এর সোলার প্যানেল

এএফআইপি এর ২০১৫-২০১৬ অর্থ বছর থেকে নিম্নেবর্ণিত প্রকল্প সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছেঃ



এএফআইপি এর সিভিল আরই এবং সিভিল অভ্যর্থনার পুরাতন অবকাঠামো পরিবর্তন করে অত্যাধুনিক অভ্যর্থনা নির্মাণ করা হয়েছে

এএফএমআই এর ২০১৫-২০১৬ অর্থ বছর থেকে নিম্নেবর্ণিত প্রকল্প সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছেঃ





এএফএমআই অফিসের প্রবেশ পথে ডিজিটাল রানিং ডিসপ্লে




এএফএমআই অডিটোরিয়াম এর নতুন নামকরণ মেজর জেনারেল এম শামসুল হক অডিটোরিয়াম

১১। সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর (ডিজিএমএস) এর ২০১৪-২০১৫ সালের অর্থ বছরে আর্মি মেডিক্যাল কোরের ১৩৭ জন বীর শহীদ মুক্তিযোদ্ধাদের স্মরণে মহাপরিচালক মহোদয়ের অফিস সংলগ্ন নিম্নেবর্ণিত মুরালটি নির্মাণ করা হয়েছে।




সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর এর মুরাল


এএফআইপি এর ২০১৪-২০১৫ অর্থ বছর থেকে নিম্নেবর্ণিত প্রকল্প সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছেঃ



**এএফআইপি এর অভ্যর্থনার পুরাতন অবকাঠামো পরিবর্তন করে অত্যাধুনিক সামরিক অভ্যর্থনা নির্মাণ করা হয়েছে**



এএফআইপি এর আধুনিকায়নের অংশ হিসাবে সৌন্দর্য বর্ধনের নিমিত্তে ফোয়ারাটি নির্মাণ করা হয়




এএফআইপি-তে নিরাপদ রক্ত সঞ্চালনের জন্য অত্যাধুনিক ব্লাড ব্যাংক নির্মাণ করা হয়


২০১৪-২০১৫ অর্থ বছরে এএফএমআই অডিটোরিয়াম এর পূণঃসংস্কারের মাধ্যমে শীতাতাপ নিয়ন্ত্রিত আধুনিকায়নের কাজ সম্পন্ন করা হয়েছে।




এএফএমআই অডিটোরিয়ামের প্রবেশ পথ



এএফএমআই অডিটোরিয়ামের ভিতরের আসন ব্যবস্হা



এএফএমআই অডিটোরিয়ামের ভিতরের মঞ্চ এবং আসন ব্যবস্হা



এএফএমআই অডিটোরিয়ামের সম্মুখ ভাগ

## সাংগঠনিক কাঠামো বৃদ্ধি

১২। **সংগঠন**

ক। **সিএমএইচ ঢাকার প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো অনুমোদন** ঃ সিএমএইচ ঢাকার ৮৫০ শয্যা ও ১৪৪৭ জন জনবল বিশিষ্ট সাংগঠনিক কাঠামো সর্বশেষ গত ১৯৯৫ সালে অনুমোদিত হয় । দীর্ঘ ১৫ বছর পূর্বের অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী বহুগুনে বৃদ্ধিপ্রাপ্ত রোগীদের মান সম্মত চিকিৎসা সেবা প্রদান দারুনভাবে বিঘ্নিত হয় । এ প্রেক্ষিতে সিএমএইচ ঢাকার মান সম্মত চিকিৎসা সেবা নিশ্চিত করার স্বার্থে জানুয়ারি ২০১২-তে নতুন সাংগঠনিক কাঠামো অনুমোদিত হয় । নতুন সাংগঠনিক কাঠামো অনুযায়ী শয্যা সংখ্যা ৮৫০ হতে ১১০০ তে উন্নীতকরণ এবং জনবল ১৪৪৭ হতে ২২৯০ জন বৃদ্ধি করা হয়েছে । সিএমএইচ ঢাকায় রোগীর সংখ্যা দিন দিন বৃদ্ধি পাওয়ায় চিকিৎসা সেবা নিশ্চিত করার লক্ষে নভেম্বর ২০১২-তে নতুন করে সাংগঠনিক কাঠামো পূর্ণবিন্যাসের কাজ শুরু হয় । নতুন সাংগঠনিক কাঠামোতে শয্যা ১১০০ হতে ১৫০০ তে উন্নীতকরণ এবং জনবল ২২৯০ হতে ৩০১৯ জন বৃদ্ধির প্রস্তাবনা করা হয়েছে । প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো অনুমোদিত হলে সিএমএইচ ঢাকার চিকিৎসা সেবার মান বহুগুন বৃদ্ধি পাবে বলে আশা করা যাচ্ছে ।

খ। **সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর** ঃ সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর-এ ২০১৫ সালে ০১ জন ব্রিগেডিয়ার/মেজর জেনারেল, ০১ জন পিএ এবং ০১ জন সৈনিক এর পদ সৃষ্ঠি করা হয়েছে।

গ। **মিলিটারি ডেন্টাল সেন্টার এর সাংগঠনিক কাঠামো অনুমোদন** ঃ গত ২৪ মে ২০১৭ তারিখে বিভিন্ন সিএমএইচএ সর্বমোট ২৩টি মিলিটারি ডেন্টাল সেন্টার নতুন গঠনের সাংগঠনিক কাঠামো অনুমোদন দেয়া হয়েছে । মিলিটারি ডেন্টাল সেন্টার সমূহ ইতোমধ্যে স্বতন্ত্রভাবে কার্যক্রম পরিচালনা করে আসছে ।

ঘ। **বাংলাদেশ সেনাবাহিনীর বিদ্যমান ১৮টি সিএমএইচ এর সাংগঠনিক কাঠামো পুনর্গঠন** ঃ বাংলাদেশ সেনাবাহিনীর ১৮টি সম্মিলিত সামরিক হাসপাতাল (ঢাকা, চট্টগ্রাম, যশোর, বগুড়া, কুমিল্লা, ঘাটাইল, জালালাবাদ, সাভার, রংপুর, সৈয়দপুর, মোমেনশাহী, কাদিরাবাদ, রাজেন্দ্রপুর, রাজশাহী, জাহানাবাদ, দীঘিনালা, আলীকদম এবং রুমা) এর জন্য ২৮২৯টি নতুন পদ সৃজন, ১৭৬০টি পদ বিলুপ্তিকরণ এবং বিভিন্ন ধরনের ৩২টি যানবাহন সাংগঠনিক কাঠামো পুনর্গঠন করার অনুমোদন দেয়া হয়েছে ।

**আধুনিকীকরণ ও তথ্য প্রযুক্তিগত উন্নয়ন।**

১৩। **নতুন সরঞ্জাম অন্তর্ভূক্তিঃ** অত্র মহাপরিদপ্তরের আওতাধীন আর্মড ফোর্সেস ইনষ্টিটিউট অব প্যাথলজি (এএফআইপি), আর্মড ফোর্সেস ফুডস এন্ড ড্রাগস ল্যাব (এএফএফডিএন্ডল্যাব) এবং অন্যান্য সিএমএইচসমূহ নিম্মেবর্ণিত সরঞ্জাম সমূহ নতুনভাবে অন্তর্ভূক্ত হয়েছেঃ

| Ser | Nomenclature | A/U | Qty | Rmks |
|---|---|---|---|---|
| 1. | Cobas Autoanalyzer (Biochemical Analyzer) | " | 01 | Newly Instl |
| 2. | Sysmex autoanalyzer (Haemtology analyzer) | " | 01 | " |
| 3. | Ruby autoanalyzer (Haematology analyzer) | " | 01 | " |
| 4. | Architect autoanalyzer (Immuno auto analyzer) | " | 01 | " |
| 5. | Multihead teaching microscope | " | 01 | " |
| 6. | Autoanalyzer (Immuno auto analyzer) | " | 01 | " |
| 7. | Architect autoanalyzer (Immuno auto analyzer) | " | 01 | " |
| 8. | Automated analyzer (Pantra) | " | 01 | " |
| 9. | Architect autoanalyzer (Immuno auto analyzer) | " | 01 | " |
| 10. | Architect autoanalyzer (Immuno auto analyzer) | " | 01 | " |
| 11. | Rotary tissue processer | " | 01 | " |
| 12. | Video Enteroscope | " | 01 | " |
| 13. | Video Bronchoscope (Complete set) | " | 01 | " |
| 14. | Ultrasonic Surgical Aspirator – CUSA/USA | " | 01 | " |
| 15. | 03 Tesla MRI Machine | " | 01 | " |
| 16. | Boiler Plant for Medical Grade Steam Supply 1100 Kg/hour (CSSD) | " | 01 | " |
| 17. | Boiler Machine for Modern Laundry (Capacity 1000 kg/hour) | " | 01 | " |
| 18. | EEG Machine, TL-EEG350 WAVE poild with video 2x reader station network 32 EEG chanel + 03 poly Graphic. | " | 01 | " |
| 19. | $CO_2$ Laser System | " | 01 | " |
| 20. | CT Scanner Machine with standard accessories (128 Slice) | " | 02 | " |
| 21. | Transcranial Doppler Machine. | " | 01 | " |
| 22. | ICPMS (Inductively Coupled Plasma Mass Spectrometer) | " | 01 | " |
| 23. | High Performance Liquid Chromatography (HPLC) | " | 01 | " |
| 24. | Water Deionizer (For HPLC) | " | 01 | " |
| 25. | Milk Analyzer | " | 01 | " |
| 26. | Potentiometric Titrator | | | |
| 27. | Dissolution Tester | " | 01 | " |
| 28. | Karl Fischer Titrator | " | 01 | " |
| 29. | 3D Ultrasonogram Machine with Standard Accessories | " | 01 | |
| 30. | Blood Gas Analyzer | " | 01 | |
| 31. | Micro Wave Diathermy | " | 01 | |
| 32. | Video Colposcope with Standard Accessories | " | 01 | |
| 33. | Gynaecological Examination Table | " | 01 | |
| 34. | Narrowband UVB Phototherapy Machine | " | 01 | |
| 35. | Haemodialysis Machine | " | 01 | |
| 36. | ENT Treatment Unit Complete | " | 01 | |
| 37. | ICU Ventilator (Neonate to Paediatric) | " | 01 | |
| 38. | Video Duodenoscope (Scope Only) | " | 01 | |
| 39. | Cervical and Pelvic Traction Unit Complete | " | 01 | |
| 40. | Electric Drill Set Complete With All Standard Accessories For Spine Surgery | " | 01 | |
| 41. | Urological Table | " | 01 | |

| Ser | Nomenclature | A/U | Qty | Rmks |
|---|---|---|---|---|
| 42. | Color Doppler Echo Machine with Neonate to Adult Probe and TEE Probe for Children | " | 01 | |
| 43. | | " | 01 | |
| 44. | Sky Karyotyping Microscope with Inbuilt Fish Technology | " | 01 | |
| 45. | Adler Long Arm Sewing Machine 30/70 with Motor & Foot Padel | " | 01 | |
| 46. | Autoclave Machine | " | 01 | |
| 47. | Centrifuge Machine 64 holes or more | " | 01 | |
| 48. | Dialysis Chair | " | 01 | |
| 49. | Portable Operation Light (LED) | " | 01 | |
| 50. | Dialysis Machine for Sustained Low Efficacy Dialysis (SLED) | " | 01 | |
| 51. | Microdrill System for Ear Surgery | " | 01 | |
| 52. | Distilled Water Plant | " | 01 | |
| 53. | Ultrasonic Therapy Unit with Hand Free Sono Applicator | " | 01 | |
| 54. | Labour Table | " | 01 | |
| 55. | Operation Theater Light (LED) | " | 01 | |
| 56. | Digital Burn out Furnace Small Complete Set (Fully Automatic Regulated Preheating Furnace) | " | 01 | |
| 57. | Slit Lamp With Instrument Table | " | 01 | |
| 58. | Skin Graft Mesher | " | 01 | |
| 59. | Phototherapy Machine LED | " | 01 | |
| 60. | Ultraviolet Therapy (Hand and Foot Unit ) HF/Combo and Foot UVA/UVB Combo Unit | " | 01 | |
| 61. | Indigo High Speed Otologic Drill with Straight and Angled Hand Piece with Various Size Barr | " | 01 | |
| 62. | Unit Dental Chair Complete | " | 01 | |
| 63. | Short Wave Diathermy | " | 01 | |
| 64. | Holter Machine | " | 01 | |
| 65. | UV Spectrophotometer | " | 01 | |

১৪। **মানব সম্পদ**

ক। **পদোন্নতি প্রদানঃ** আর্মি ডেন্টাল কোরে গত ৩১ আগষ্ট ২০১৭ তারিখে নতুনভাবে ০১ জন মেজর জেনারেল পদে পদোন্নতি প্রদানসহ বাংলাদেশ সশস্ত্র বাহিনীর কনসালটেন্ট ডেন্টাল সার্জন জেনারেল হিসেবে নিযুক্তি প্রদান করা হয়েছে।

খ। **চাকুরির সুবিধা বৃদ্ধিঃ**


**(১)** আর্মি ইনস্ট্রাকশন্স ১/২০১৩ এর মাধ্যমে সৈনিক হতে মেজর পদবির ব্যক্তিবর্গের ০২ (দুই) বৎসর এবং লেঃ কর্নেল হতে তদুর্ধ্ব পদবির ব্যক্তিবর্গের ০১ (এক) বৎসর করে চাকুরি বৃদ্ধি করা হয়েছে ।

(২) বাংলাদেশ সশস্ত্র বাহিনীর নার্সিং অফিসারদের ব্যাটম্যান/মেইডসারভেন্ট-কে সিএমএইচসমূহে চিকিৎসার প্রাধিকারভূক্ত করা হয়েছে ।

(৩) সশস্ত্র বাহিনীতে চাকুরিরত সেনাসদস্যদের ২৫ বছরের উপর বয়সের সন্তানদের সিএনই হিসাবে সিএমএইচ সমূহে চিকিৎসা প্রাধিকারভূক্ত করা হয়েছে ।

গ **প্রশিক্ষণঃ**

(১) **বিএসসি নার্সিং কোর্স চালুঃ** দক্ষ ও প্রশিক্ষিত নার্স গড়ে তোলার লক্ষে বেসামরিক ছাত্রীদের জন্য আমর্ড ফোর্সেস মেডিক্যাল ইনিষ্টিটিউট (এএফএমআই) কর্তৃক ২০09 সাল থেকে 4 বছর মেয়াদী বিএসসি নার্সিং কোর্স চালু করা হয়েছে । প্রতি ব্যাচে ৫০ জন ছাত্রী ভর্তি করা হয়। বর্তমানে বিএসসি নার্সিং কোর্সে ২৫০ জন ছাত্রী অধ্যয়নরত আছে । কোর্স সমাপনান্তে এই সমস্ত প্রশিক্ষিত নার্সগণের একদিকে যেমন দেশে/বিদেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে, অন্যদিকে এএফএনএস হিসাবে সেনাবাহিনীতে নিয়োগের ফলে সিএমএইচ এর রোগীদের উন্নত চিকিৎসা সেবা নিশ্চিত করতে সহায়ক ভূমিকা রাখছে ।



বিএসসি নার্সিং কোর্সের শিক্ষার্থীদের একাংশ

(২) **হেলথ টেকনোলজি কোর্স চালুঃ** বেসামরিক ছাত্রদের উন্নতমানের প্রশিক্ষণ প্রদানের জন্য আর্মর্ড ফোর্সেস মেডিক্যাল ইনষ্টিটিউট (এএফএমআই) কর্তৃক জানুয়ারি ২০১১ সাল থেকে ডিপ্লোমা ইন হেলথ্ টেকনোলজি কোর্স চালু করা হয়েছে এবং এ কোর্সে প্রতি ব্যাচে ৫০ টি আসনে ছাত্র ভর্তির ব্যবস্থা রয়েছে। বর্তমানে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ ব্যাচে হেলথ্ টেকনোলজি কোর্সে ২২৬ জন বেসামরিক ছাত্রছাত্রী অধ্যয়নরত আছে । সাফল্যজনকভাবে কোর্স সমাপনান্তে এই সমস্ত প্রশিক্ষিত টেকনোলজিষ্টদের একদিকে যেমন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে, অন্যদিকে রোগীদের উন্নত চিকিৎসা সেবা নিশ্চিত করতে সহায়ক ভূমিকা রাখবে বলে প্রতীয়মান হয় ।

(৩) **বিশেষজ্ঞ অফিসারগণের প্রশিক্ষণঃ** ২০১৪-২০১৫ অর্থ বছরে ৭৭ জন, ২০১৫-২০১৬ অর্থ বছরে ৬১, ২০১৬-২০১৭ অর্থ অর্থ বছরে ৯৫ জন, ২০১৭-২০১৮ অর্থ বছরে ১২২ জন, ২০১৮-২০১৯ অর্থ বছরে ১২৫ জন এবং ২০১৯-২০২০ অর্থ বছরে ৪৮ জন বিশেষজ্ঞ অফিসার বৈদেশিক প্রশিক্ষণ সম্পন্ন করেছে। এছাড়াও সশস্ত্র বাহিনীতে কর্মরত বিশেষজ্ঞ অফিসারগণের এফসিপিএস, এমএস, এমডি ও বিভিন্ন ডিপার্টমেন্টের ডিপ্লোমা কোর্স চালু করা হয়েছে। ফলে সশস্ত্র বাহিনীর বিভিন্ন সিএমএইচ এর রোগীদের আধুনিক, যুগোপযোগী ও উন্নত চিকিৎসা সেবা নিশ্চিত করতে সহায়ক ভূমিকা রাখছে।

(৪) **বিএসসি নার্সিং প্রশিক্ষণঃ** ২০১৪-২০১৫ অর্থ বছরে ৩৪ জন, ২০১৫-২০১৬ অর্থ বছরে ৩৭ জন, ২০১৬-২০১৭ অর্থ বছরে ৩১ জন, ২০১৭-২০১৮ অর্থ বছরে ৪৫ জন, ২০১৮-২০১৯ অথ বছরে ৪৪ জন এএফএনএস অফিসারদেরকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। যা সেনাবাহিনী সিএমএইচ এর রোগীদের উন্নত চিকিৎসা সেবা নিশ্চিত করতে সহায়ক ভূমিকা রাখবে।

**কল্যাণমূলক কর্মকান্ড**

১৫। **অন্যতম কার্যক্রম সমূহের বর্ণনা**

ক। আর্মড ফোর্সেস ইনষ্টিটিউট অব প্যাথলজি (এএফআইপি) উত্তম মানব সেবা ও গবেষনায় এক অনন্য উদাহরণ । এএফআইপি সশস্ত্র বাহিনী তথা বাংলাদেশের প্যাথলজি বিষয়ে একমাত্র রেফারেন্স ল্যাবরেটরি । বিশ্বমানের জটিল এবং দুরুহ রোগ নিরুপনের অনন্য সেবা প্রদানে এই প্রতিষ্ঠান ইতিমধ্যেই জাতীয় পর্যায় গুরুত্বপূর্ণ স্থান দখল করে নিয়েছে । সশস্ত্র বাহিনীর প্রতিষ্ঠান হলেও এটি সর্বসাধারনের জন্য উম্মুক্ত । অত্র প্রতিষ্ঠান থেকে ক্যান্সারসহ জটিল রোগের রোগ নির্ণয়ের দূর্লভ পরীক্ষার সুযোগ সর্বসাধারণকে প্রদান করা হচ্ছে।

খ। সশস্ত্র বাহিনীতে কর্মরত ধর্মীয় শিক্ষকদের হেপাটাইটিস বি ভ্যাকসিন প্রদান ।

গ। সশস্ত্র বাহিনীতে কর্মরত বেসামরিক কর্মকর্তা/কর্মচারীদেরকে হেপাটাইটিস বি ভ্যাকসিন প্রদান ।


ঘ। আর্মড ফোর্সেস ফুড এন্ড ড্রাগ্স ল্যাবঃ তে ০২ সপ্তাহ ব্যাপী খাদ্যের মান পরীক্ষার জন্য প্রশিক্ষণ কোর্স চালু করা হয়েছে ।

ঙ। গত ডিসেম্বর ২০১১ সাল হতে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ক্রয়কৃত খাদ্য সামগ্রী যেমন, চাল, ডাল, ভোজ্য তেল সয়াবিন ইত্যাদির গুণগত মান পরীক্ষা আর্মড ফোর্সেস ফুড এন্ড ড্রাগ্স ল্যাবঃ -এ সম্পন্ন করে থাকে ।

চ। সামরিক চিকিৎসা সার্ভিস হতে সশস্ত্র বাহিনী থেকে ২০১৫-২০১৬ অর্থ বছরে উন্নত চিকিৎসার নিমিত্তে ভারতে বিভিন্ন সামরিক হাসপাতালে ৪২ জন রোগী প্রেরণ করা হবে।

ছ। ২০১১-২০১২ অর্থ বছরে বাংলাদেশ সশস্ত্র বাহিনীর ০৩ জন, ২০১২-২০১৩ অর্থ বছরে ১২ জন, ২০১৩-২০১৪ অর্থ বছরে ২০ জন, ২০১৪-২০১৫ অর্থ বছরে ২৬ জন এবং ২০১৫-২০১৬ অর্থ বছরে ৪৬ জন, ২০১৬-২০১৭ অর্থ বছরে ৯০ জন, ২০১৮-২০১৯ অর্থ বছরে ৯৭ জন এবং ২০১৯-২০২০ অর্থ বছরে ৩১ জনসহ সর্বমোট ৩২৫ জন সদস্য সরকারি খরচে ভারতের বিভিন্ন সামরিক হাসপাতাল হতে চিকিৎসা গ্রহণ করে।

জ। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় সিএমএইচ ঢাকা এর সহিত ক্যান্সার সেন্টার স্থাপন করা হয়েছে। উক্ত ক্যান্সার সেন্টার স্থাপনের ফলে বাংলাদেশ সেনাবাহিনীর চিকিৎসা ব্যবস্থায় অভূতপূর্ব প্রবর্তন সাধিত হয়েছে।




মাননীয় প্রধানমন্ত্রী ক্যান্সার সেন্টারের চিকিৎসা যন্ত্র পরিদর্শন করছেন



মহাপরিচালক, সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর কর্তৃক ক্যান্সার সেন্টার এর চিকিৎসা যন্ত্র পরিদর্শন

ঝ। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় সিএমএইচ ঢাকায় গত ০১ আগস্ট ২০১৯ হতে ০২ আগস্ট ২০১৯ তারিখ পর্যন্ত প্রায় ৩৩ ঘন্টার অপারেশনের পর জোড়া মাথার জমজ বাচ্চা রাবেয়া ইসলাম ও রোকেয়া ইসলামকে পৃথক করা হয়। অত্র মহাপরিদপ্তরের তত্ত্বাবধানের হাঙ্গেরী হতে আগত একটি চিকিৎসক দলসহ এবং সিএমএইচ ঢাকা এবং অনান্য সরকারি/বেসামরিক মেডিকেল কলেজ হাসপাতাল এর চিকিৎসকগণের মাধ্যমে অপারেশন ফ্রিডম কার্যক্রম সফলতার সহিত সম্পন্ন করা হয়।



চিকিৎসক দল কর্তৃক অপারেশন ফ্রিডম কার্যক্রম পরিচালিত হচ্ছে



অপারেশনের পর নিবিড় পর্যবেক্ষণে রাবেয়া ইসলাম ও রোকেয়া ইসলাম

**বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি**

১৬। **বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি সংক্রান্ত কার্যক্রম**

ক। ভূমিকম্পসহ বিভিন্ন দুর্যোগের জন্য কনটিনজেন্সি প্ল্যান (আপদকালীন পরিকল্পনা) প্রস্তুত করা হয়েছে।

খ। "বাংলাদেশ সরকারের ভিশন ২০৩০" এর সাথে মিল রেখে সিএমএইচ ঢাকার সাথে অন্যান্য সকল সিএমএইচ সমূহের পয়েন্ট টু পয়েন্ট ভিডিও কনফারেন্স/টেলিমেডিসিন সিস্টেম চালু করা হয়েছে ।

গ। সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তরে ওয়াই ফাই চালু করা হয়েছে এবং ওয়েব সাইটের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে যা অতিশীঘ্রই চালু করা হবে।

**জাতিসংঘ শান্তিরক্ষা মিশন/বৈদেশিক নিয়োগ কার্যক্রম**

**১৭।** আন্তর্জাতিক পর্যায়েও বাংলাদেশ আর্মি মেডিক্যাল কোরের গুরুত্বপূর্ণ অবদান রয়েছে। যার ফলশ্রুতিতে সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তরের আওতাধীন এএফএমএসডি কর্তৃক বৈদেশিক মিশনে চিকিৎসা স্থাপনায় ঔষধ ও চিকিৎসা সামগ্রী সরবরাহ করে আসছে ।

১৮। জাতীয় নির্দেশনায় অত্র মহাপরিদপ্তরের তত্ত্বাবধানে আন্তর্জাতিক পরিমন্ডলে UN Mission এবং বৈশ্বয়িক করোনা মহামারী মোকাবেলায় Goodwill Mission হিসেবে কুয়েত, মালদ্বীপ ও লেবাননে চিকিৎসক, চিকিৎসা সহকারী এবং প্রয়োজনীয় সংখ্যক ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী (PPE) ও ঔষধ প্রেরণ করে চিকিৎসা কার্যক্রম অত্যন্ত সফলতার সাথে পরিচালনা করা হয়েছে এবং হচ্ছে।

**আন্তর্জাতিক সম্পৃক্ততা**

**১৯। গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক কার্যক্রমে অংশগ্রহণ ও সহযোগিতা সংক্রান্ত তথ্যঃ**

ক। সিএমএইচ ঢাকায় Bone Marrow Transplantation (BMT) সেন্টার চালু করা হয়েছে। এ বিষয়ে উন্নত চিকিৎসার জন্য যৌথ উদ্যোগে Tata Medical Center ভারত এর সাথে গত ০৬ অক্টোবর ২০১৬ তারিখ সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তরের মহাপরিচালক এবং Tata Medical Center ভারত এর পরিচালকের সাথে 'সমঝোতা স্মারক' (MoU) স্বাক্ষর করা হয়েছে। ভারত হতে উন্নত প্রশিক্ষণ গ্রহণ করে জটিল ব্লাড ক্যান্সার রোগীদের সর্বোচ্চ চিকিৎসা নিশ্চিত করা সম্ভব হবে এবং প্রয়োজন বোধে বৈদেশিক কনসালটেন্ট এর পরামর্শ পাওয়া যাবে বিধায় সংশ্লিষ্ট রোগের জন্য বিদেশ যাওয়ার প্রয়োজন হবে না। উক্ত 'সমঝোতা স্মারক' এর ফলে স্বল্প সময়ে কোলকাতা হতে দক্ষ কনসালটেন্টগণের ব্যক্তিগত উপস্থিতি/ভিডিও কনফারেন্সের মাধ্যমে জটিল ব্লাড ক্যান্সার রোগীদের সর্বোচ্চ চিকিৎসা নিশ্চিত করা সম্ভব হবে। 'সমঝোতা স্মারক' টি স্বাক্ষরের ফলশ্রুতিতে আধুনিক চিকিৎসা ব্যবস্থা দেশেই সম্ভব হবে যা সার্বিকভাবে বৈদেশিক মুদ্রা সাশ্রয়ে সহায়ক হবে সর্বোপরি, আধুনিক যন্ত্রপাতির এই BMT সেন্টারটি **ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে** উল্লেখযোগ্য ভূমিকা পালনের পাশাপাশি সরকারের ভাবমূর্তি উজ্জল করবে।

খ। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সশস্ত্র বাহিনীর বিভিন্ন বিশেষায়িত চিকিৎসা সেন্টারগুলোর আধুনিকীকরণ, চিকিৎসা সেবার মান উন্নয়ন ও প্রশিক্ষিত জনবল তৈরীর লক্ষ্যে প্রশিক্ষণ ও পরবর্তী উন্নয়নের প্রারম্ভিক কার্যক্রম চালিয়ে নেয়ার নিমিত্তে সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর ও ভারতের বিভিন্ন হাসপাতাল সমূহের সাথে গত ০৮ মে ২০১৭ তারিখ Amrita Institute of Medical Sciences and Research Centre, Cochin, Kerala, India, ২০ মে ২০১৭ তারিখ Narayana Hrudalaya Limited, Bengalore, India এবং ২৭ মে ২০১৭ তারিখ Fortis Escorts Heart Institute, New Delhi, India এর সাথে Non-Binding Provisional MoU স্বাক্ষরিত হয় ।

গ।  সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তরের প্রাক্তন মহাপরিচালক মেজর জেনারেল মোঃ আবুল কালাম আজাদ এর নেতৃত্বে গত ০৭ ডিসেম্বর ২০১৩ হতে ১২ ডিসেম্বর ২০১৩ তারিখ পর্যন্ত জেদ্দা, সৌদিআরবে অনুষ্ঠিত “40” ICMM World Congress of Military Medicine -এ বাংলাদেশ সশস্ত্র বাহিনীর একটি দল অংশগ্রহণ করে ।



40th ICMM World Congress of Military Medicine-এ অংশগ্রহণকারী কর্মকর্তাবৃন্দের সাথে প্রাক্তন মহাপরিচালক

ঘ।  সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তরের প্রাক্তন মহাপরিচালক মেজর জেনারেল মোঃ রবিউল হোসেন এর নেতৃত্বে গত ১৭ মে ২০১৫ হতে ২২ মে ২০১৫ তারিখ পর্যন্ত বালি, ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিত “41” ICMM World Congress of Military Medicine-এ বাংলাদেশ সশস্ত্র বাহিনীর একটি দল অংশগ্রহণ করে ।



41th ICMM World Congress of Military Medicine-এ অংশগ্রহণকারী কর্মকর্তাবৃন্দের সাথে মহাপরিচালক

**প্রকাশনা**

২০।  **গুরুত্বপূর্ণ প্রকাশনা/জার্নাল/সাময়িকী**

ক।  সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তরের উদ্যোগে মহান মুক্তিযুদ্ধে আর্মি মেডিক্যাল কোরের সদস্যগণের কৃতিত্বপূর্ণ অবদানের স্মারক হিসাবে ‘‘স্বাধীনতা যুদ্ধে আর্মি মেডিক্যাল কোর’’ শীর্ষক গ্রন্থ গত এপ্রিল ২০১০ সালে প্রকাশ করা হয় ।

খ।  সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তরের আওতাধীন এএফএমআই কর্তৃক বর্তমান আধুনিক চিকিৎসা বিজ্ঞানের তথ্য সম্বলিত জার্নাল প্রতি ছয় মাস অন্তর প্রকাশ করা হয় ।

অন্যান্য প্রশাসনিক ও উন্নয়নমূলক কার্যক্রম


২১। **গুরুত্বপূর্ণ সাফল্য ও অর্জন**

ক। **জাতীয় দুর্যোগ মোকাবেলায় অংশগ্রহণঃ** বাংলাদেশ সরকারের চাহিদা অনুযায়ী যে কোন জাতীয় ও আন্তর্জাতিক দুর্যোগ মোকাবেলায় মেডিক্যাল কোরের ২২টি ফিল্ড ইউনিট তাৎক্ষনিকভাবে অংশ গ্রহণে সদা প্রস্তুত । নিমতলীর ভয়াবহ অগ্নিকান্ড এবং সাভারের রানা প্লাজা ভবন ধ্বসের ঘটনায় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে ক্ষতিগ্রস্থ রোগীদের সিএমএইচ ঢাকা এবং সিএমএইচ সাভারে বিশেষ মেডিক্যাল টিম গঠন পূর্বক চিকিৎসা সহায়তা প্রদান করা হয়েছে ।

খ। **মানবিক সাহায্যে আন্তর্জাতিক পর্যায়ে অবদানঃ** আন্তর্জাতিক পর্যায়েও বাংলাদেশ আর্মি মেডিক্যাল কোরের গুরুত্বপূর্ণ অবদান রয়েছে । ২০১০ সালে হাইতিতে স্মরণকালের সবচেয়ে ভয়াবহ ভূমিকম্পে আহত রোগীদের চিকিৎসা সেবা দিয়ে আন্তর্জাতিক অঙ্গনে আমাদের দেশের মর্যাদা ও সম্মান ব্যাপকভাবে বৃদ্ধি করেছে বাংলাদেশ আর্মি মেডিক্যাল কোর । মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা হাইতিতে অংশগ্রহণকারী মেডিক্যাল টিমের সাথে বিশেষ সাক্ষাতকালে তাঁর সন্তুষ্টি প্রকাশ করেছেন যা আমাদের সকলের জন্য অনুপ্রেরণার উৎস হিসেবে কাজ করবে ।




হাইতি ভূমিকম্পে আহত রোগীর অপারেশন করছেন বাংলাদেশ সেনাবাহিনীর মেডিকেল টিম




হাইতি ভূমিকম্পে আহত রোগীদের চিকিৎসা সেবায় বাংলাদেশ সেনাবাহিনীর সদস্যবৃন্দ

গ। **মানবিক সাহায্যে আন্তর্জাতিক পর্যায়ে অবদানঃ** আন্তর্জাতিক পর্যায়েও বাংলাদেশ আর্মি মেডিক্যাল কোরের গুরুত্বপূর্ণ অবদান রয়েছে । ২০১৫ সালে নেপালে স্মরণকালের সবচেয়ে ভয়াবহ ভূমিকম্পে আহত রোগীদের চিকিৎসা সেবা দিয়ে আন্তর্জাতিক অঙ্গনে আমাদের দেশের মর্যাদা ও সম্মান ব্যাপকভাবে বৃদ্ধি করেছে বাংলাদেশ আর্মি মেডিক্যাল কোর । মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নেপালে অংশগ্রহণকারী মেডিক্যাল টিমের সাথে বিশেষ সাক্ষাতকালে তাঁর সন্তুষ্টি প্রকাশ করেছেন যা আমাদের সকলের জন্য অনুপ্রেরণার উৎস হিসেবে কাজ করবে ।



নেপালে ভূমিকম্পে আহত রোগীর অপারেশন করছেন বাংলাদেশ সেনাবাহিনীর মেডিকেল টিম



নেপালে ভূমিকম্পে আহত রোগীদের চিকিৎসা প্রদান করছেন বাংলাদেশ সেনাবাহিনীর মেডিকেল টিম

ঘ। **আর্মি মেডিক্যাল কোর সেন্টার এন্ড স্কুলে শহীদ স্মৃতি ভাস্কর্য নির্মাণ** ঃ মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরা, আর্মি মেডিক্যাল কোরের বীর শহীদদের চির-স্মরনীয় করে রাখা এবং ভবিষ্যত প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় আরো উজ্জীবিত ও উদ্বুদ্ধ করার উদ্দেশ্যে এএমসি সেন্টার এন্ড স্কুল, শহীদ সালাহউদ্দিন সেনানিবাসে গত জানুয়ারি ২০১২-তে একটি স্মৃতিস্তম্ভ 'বিজয় চেতনা' নির্মাণ করা হয় ।



এএমসি সেন্টার এন্ড স্কুলে নির্মিত শহীদ স্মৃতি ভাস্কর্য - বিজয় চেতনা

ঙ। **শীতকালীন যৌথ প্রশিক্ষণ চলাকালীন বেসামরিক জনগোষ্ঠীকে চিকিৎসা সহায়তা প্রদানঃ** শীতকালীন যৌথ প্রশিক্ষণ চলাকালীন আর্মি মেডিক্যাল কোরের সদস্যরা বেসামরিক দরিদ্র জনগণকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান এবং অভিজ্ঞ চিকিৎসকগণ কর্তৃক মোবাইল হাসপাতাল স্থাপনের মাধ্যমে রোগীদের ছোট/বড় অপারেশন করে দৃষ্টান্ত স্থাপন করেছে । ২০০৯ সালে ১,০৪,০০০ রোগীকে চিকিৎসা প্রদান এবং ৮৫০টি ছোট/বড় অপারেশন করা হয়, ২০১০ সালে ১,২৭,০০০ রোগীকে চিকিৎসা প্রদান এবং ১৪০০টি ছোট/বড় অপারেশন করা হয়, ২০১১ সালে ১,৯৫,৫৩২ রোগীকে চিকিৎসা প্রদান এবং ১৪৩১টি ছোট/বড় অপারেশন করা হয়, ২০১২ সালে ১,৯৮,২৪৯ রোগীকে চিকিৎসা প্রদান করা হয় এবং ১৫০৮ টি ছোট/বড় অপারেশন করা হয়, ২০১৩ সালে ১৩,০১৯ এবং ২০১৪ সালে ৯৩,৩৬১ রোগীকে চিকিৎসা প্রদান এবং ৪২ টি ছোট/বড় অপারেশন করা হয় । বেসামরিক পরিমন্ডলে আর্মি মেডিক্যাল কোরের এই চিকিৎসা কার্যক্রম স্থানীয় ও জাতীয় গনমাধ্যমে ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে এবং সার্বিকভাবে সেনাবাহিনীর সুনাম বৃদ্ধি করেছে ।

২২। **উপসংহারঃ** চিকিৎসা সেবা প্রতিটি মানুষের মৌলিক অধিকার । সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর কর্তৃক সশস্ত্র বাহিনীর সকল সদস্য এবং তাদের পরিবারবর্গ এবং অন্যান্য প্রাধিকৃত ব্যক্তিবর্গের মান সম্মত চিকিৎসা সহায়তা প্রদান নিশ্চিত করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে । গভীর দেশ প্রেম, উঁচু মনোবল এবং সর্বোপরি আল্লাহর উপর অবিচল আস্থা ও বিশ্বাস রেখে রোগীদের সেবায় আত্মোৎসর্গ করতে সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর বদ্ধপরিকর। **'সমরে ও শান্তিতে রাখিব সুস্থ'**-এই মূল মন্ত্রে দীক্ষিত হয়ে, আর্মি মেডিক্যাল কোর আজ দৃপ্ত পদক্ষেপে অগ্রসর হচ্ছে ।